“যে তার প্রতিপালকের যিকর করে, আর যে যিকর করে না, তাদের উপমা হলো জীবিত ও মৃত ব্যক্তি”

আবূ মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে তার প্রতিপালকের যিকর করে, আর যে যিকর করে না, তাদের উপমা
হলো জীবিত ও মৃত ব্যক্তি”। আর মুসলিমের শব্দ হলো: “যে ঘরে আল্লাহকে স্মরণ করা হয় আর
যে ঘরে আল্লাহকে স্মরণ করা হয় না এরূপ দুটি ঘরের তুলনা করা যায় জীবিত ও মৃতের সঙ্গে”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম যে ব্যক্তি মহান আল্লাহকে স্মরণ করে এবং যে ব্যক্তি তাঁকে স্মরণ করে না তাদের মধ্যে পার্থক্য বয়ান করেছেন। এটি হল উপকারিতা ও সুন্দর চেহারার দিক থেকে জীবিত ও মৃত ব্যক্তির মধ্যে পার্থক্যের মতো। যে ব্যক্তি তার রবকে স্মরণ করে সে ঐ জীবিত ব্যক্তির মতো যে বাহ্যিকভাবে জীবনের আলোয় সুশোভিত এবং জ্ঞানের আলো দ্বারা অভ্যন্তরীণভাবে সুশোভিত এবং তার ভেতর রয়েছে উপকার; যে ব্যক্তি আল্লাহকে স্মরণ করে না সে মৃত ব্যক্তির মতো যে বাহ্যিকভাবে নিষ্ক্রিয় এবং অভ্যন্তরীণভাবে বাতিল এবং তার মধ্যে কোন উপকার নেই। অনুরূপভাবে ঘরকে জীবিত বলা হয় যদি তাতে বসবাসকারীগণ আল্লাহর যিকির করেন, অন্যথায় সেটি মৃত ঘর যেহেতু তাতে বসবাসকারীগণ আল্লাহর যিকির করে না। যদিও ঘরের বিশেষণে জীবিত ও মৃত উল্লেখ করা হয়েছে, তবে তার দ্বারা উদ্দেশ্য হল ঘরে অবস্থানকারী।

https://www.sunnah.global/hadeeth/bn/show/4177